

বারিধারা ডিওএইচএস পরিষদ


ঢাকা সেনানিবাস

৮৫তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ০৮ ডিসেম্বর ২০১৪ ইং।

- ১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১০ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।
- ২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
- ৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত	কার্যক্রম
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ :</u> গত ১২ নভেম্বর ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৮৪তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন।</p>	সভাপতি সেক্রেটারী
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ :</u> বারিধারা ডিওএইচএস পরিষদের সাধারণ সভা (জিএম) নিয়ে আলোচনা করা হয়। ১২ ডিসেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার বিষয়বস্তু সম্পর্কে সভাপতি মহোদয় উপস্থিত সকল ইসি সদস্যদের সাথে আলোচনা করেন এবং সভাটি যাতে সুষ্ঠু সুন্দরভাবে সম্পন্ন হয় সে ব্যাপারে সকলকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করেন।</p>	সভাপতি সেক্রেটারী
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ :</u> বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক মহান বিজয় দিবস-২০১৪ উদযাপনের ব্যাপারে আলোচনা হয়। বিজয় দিবসে বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অত্র পরিষদের ভাইস প্রেসিডেন্ট উপস্থিত সকল সদস্যদের সহযোগিতা কামনা করেন।</p>	ভাইস প্রেসিডেন্ট
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ :</u> একেএম কামরুল হাসান, এ্যানসিয়েন্ট বিল্ডার্স এর আবেদনপত্র নিয়ে আলোচনা করা হয়। পরিষদের পাওনা মোট বকেয়া চাঁদা হতে ৬৬,০০০.০০ টাকা পরিশোধ করবেন এবং অবশিষ্ট টাকা বর্তমান (জানুয়ারী ২০১৪-ডিসেম্বর ২০১৪ পর্যন্ত) প্রচলিত নিয়মানুযায়ী অত্র পরিষদের প্রাপ্য না হওয়ায় বাদ দেয়ার সিদ্ধান্ত হয়।</p>	ট্রেজারার
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ :</u> কনভেনশন সেন্টার হতে কঞ্জারভেন্সি চার্জ পরিশোধের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের উপর আলোচনা করা হয়। কনভেনশন সেন্টার হতে ক্যান্টনমেন্ট বোর্ডকে হোল্ডিং ট্যাক্স প্রদানের ব্যাপারে সকল সদস্য একমত প্রকাশ করেন এবং কঞ্জারভেন্সি চার্জ প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সভাপতি সেক্রেটারী
<p><u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ :</u> বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়।</p>	ট্রেজারার


- ৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।


কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৪

কার্যক্রম :

সম্মানিত সকল ইসি সদস্য


ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৪